

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১৪, ২০১৫

[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
সঞ্চয় শাখা  
প্রজ্ঞাপন

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/২৩ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ)/১৪৫—সরকার জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক  
ইস্যুকৃত নিম্নলিখিত সঞ্চয়পত্রসমূহের পার্শ্বে উল্লিখিত মুনাফার হার পুনর্নির্ধারণ করিল :

ক্রঃ নং	সঞ্চয়পত্রসমূহের নাম	বিদ্যমান মুনাফার হার	পুনর্নির্ধারিত মুনাফার হার
(১)	পরিবার সঞ্চয়পত্র (৫ বছর মেয়াদি)	১৩.৪৫%	১১.৫২%
(২)	পেনশনার সঞ্চয়পত্র (৫ বছর মেয়াদি)	১৩.১৯%	১১.৭৬%
(৩)	ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদি হিসাব (৩ বছর মেয়াদি)	১৩.২৪%	১১.২৮%
(৪)	৫ বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র	১৩.১৯%	১১.২৮%
(৫)	৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র (৩ বছর মেয়াদি)	১২.৫৯%	১১.০৪%

(৪৪৬১)

মূল্য : টাকা ৪.০০

২। ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের (৫ বছর মেয়াদি) ক্ষেত্রে সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম সমন্বয়পূর্বক মুনাফার হার ১২%-এ নির্ধারণ করা হইল। ফলশ্রুতিতে ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের সুদের হার অপরিবর্তিত থাকিবে।

৩। সঞ্চয়পত্রের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের বিধান বহাল থাকিবে।

৪। সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম প্রদানের বিদ্যমান সুবিধা বাতিল করা হইল।

৫। হিসাবের সুবিধার্থে মাসিক/৩মাস/৩ বছর (মেয়াদান্তে)/০৫ বছর (মেয়াদান্তে) মেয়াদি সঞ্চয়পত্রসমূহের মুনাফার পরিমাণ ৫ (পাঁচ) গুণিতক সংখ্যায় নির্ধারণ করা হইল।

৬। এই আদেশ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে। এই প্রজ্ঞাপন জারির তারিখের পূর্বে ক্রয়কৃত সকল সঞ্চয়পত্রের ক্ষেত্রে ক্রয়কালীন সময়ে প্রযোজ্য হারে মুনাফা প্রদেয় হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান  
সচিব।